

কেস স্টাডি

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:-

নাচ মানুষের আনন্দ ও অনুভূতি প্রকাশের একটি প্রাচীন মাধ্যম। ভারতের বিভিন্ন প্রান্তে নানা ধরনের নৃত্য প্রচলিত রয়েছে। অঞ্চল, সংস্কৃতি ও ঐতিহ্যের ভিন্নতার কারণে নাচের ভঙ্গি, পোশাক ও পরিবেশনার ধরনেও পার্থক্য দেখা যায়।

ভরতনাট্যম, কথক , কথাকলি, ওড়িশি, কুচিপুড়ি প্রভৃতি ভারতের বিভিন্ন শাস্ত্রীয় নৃত্যধারা। আবার বিভিন্ন অঞ্চলে নানা লোকনৃত্যেরও প্রচলন রয়েছে। যেমন—পশ্চিমবঙ্গের ছৌ নৃত্য, পাঞ্জাবের ভাংড়া এবং গুজরাটের গরবা মানুষের কাছে বিশেষ পরিচিত। কোনো নাচে মুখের অভিব্যক্তি ও হাতের মুদ্রার গুরুত্ব বেশি, আবার কোনো নাচে দলবদ্ধভাবে ছন্দের সঙ্গে পরিবেশনা করা হয়।

একটি বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানে শিক্ষার্থীরা বিভিন্ন নৃত্য পরিবেশন করে। কেউ শাস্ত্রীয় নৃত্য, কেউ লোকনৃত্য এবং কেউ দলবদ্ধ নৃত্য পরিবেশন করে। দর্শকেরা বুঝতে পারে, নাচ শুধু আনন্দ দেওয়ার মাধ্যম নয়; এর মাধ্যমে একটি অঞ্চলের সংস্কৃতি, ঐতিহ্য ও মানুষের জীবনধারার পরিচয়ও পাওয়া যায়।

প্রশ্নমালা: -

১. নাচ মানুষের কী প্রকাশের একটি মাধ্যম?

ক) মানচিত্র খ) হিসাব-নিকাশ গ) বৈজ্ঞানিক সূত্র ঘ) আনন্দ ও অনুভূতি ।

২. নিচের কোনটি শাস্ত্রীয় নৃত্যধারা?

ক) গবরা খ) গৌ গ) ভারত নাট্যম ঘ) ভাংরা ।

৩. নৃত্যের ভঙ্গি ও পরিবেশনার মধ্যে পার্থক্য কেন দেখা যায়?

ক) বিভিন্ন পোশাকের কারণে খ) অঞ্চল ও সংস্কৃতির ভিন্নতার কারণে গ) আবহাওয়ার কারণে ঘ) মানুষের কথার ভিন্নতার কারণে ।

৪. পাঞ্জাবের সঙ্গে কোন নৃত্যটির নাম যুক্ত?

ক) ভাংড়া খ) গরবা গ) কথক ঘ) ওড়িশি ।

৫. কোনো নাচে হাতের মুদ্রা ও মুখের অভিব্যক্তির গুরুত্ব থাকলে তা থেকে কী বোঝা যায়?

ক) নাচের নিজস্ব পরিবেশন ভঙ্গি রয়েছে খ) নাচটি কোনো খেলাধুলা গ) নাচটির কোনো নিয়ম নেই ঘ) নাচটি কেবল বিনোদনের জন্য।

৬. বিদ্যালয়ের সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন নৃত্য পরিবেশনের প্রধান শিক্ষণীয় দিক কী?

ক) শুধু গান শেখা খ) শুধু প্রতিযোগিতায় জয়ী হওয়া গ) শুধু পোশাকের পরিবর্তন দেখা ঘ) বিভিন্ন সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে জানা ।